**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 13-01-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, ভি বি-জি রাম জি আইন গ্রামীণ জীবনের কল্যাণ ও সমৃদ্ধির নতুন দিগন্ত উন্মোচনের এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ।**

**(২) আগামীকাল পৌষ সংক্রান্তি । রাজ্য জুড়ে সর্বত্র উৎসবের মেজাজ| তীর্থমুখ ও ঊনকোটিতে ঐতিহ্যবাহী মেলা শুরু।**

**(৩) স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ বলেছেন, আগামী বছরের শেষ নাগাদ দেশ বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হবে।**

**(৪) রাজ্যে উন্নয়নমূলক প্রকল্প পরিদর্শনে এলেন বিশ্ব ব্যাংকের প্রতিনিধি দল।**

*****************************************

**VB G Ram G :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, ভি বি-জি রাম জি আইন শুধুমাত্র প্রশাসনিক পরিবর্তন নয়, এটি গ্রামীণ জীবনের কল্যাণ ও সমৃদ্ধির নতুন দিগন্ত উন্মোচনের এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আজ মোহনপুরে ব্লক প্রাঙ্গণে ভি বি জি রাম জি প্রসঙ্গে আলোচনা সভায় তিনি একথা বলেন। তিনি বলেন, ভি বি-জি রাম জি আইন প্রণয়নের মূল লক্ষ্য হলো গ্রামীন কর্মসংস্থানে জনগণের আস্থা ও অংশগ্রহণ নিশ্চিত করা।

******************************

**Poush Sankranti :**

আগামীকাল পৌষ সংক্রান্তি বা মকর সংক্রান্তি। রাজ্য জুড়ে সর্বত্র উৎসবের মেজাজ। ঘরে ঘরে চলছে পিঠা পুলির আয়োজন। ইতিমধ্যেই রাজ্যের বিভিন্ন স্থানে পৌষ সংক্রান্তি মেলা শুরু হয়ে গেছে। আমাদের গোমতি জেলার জেলা সংবাদদাতা শ্যামসুন্দর দত্ত জানিয়েছেন, তীর্থমুখে গোমতি নদীর উৎস স্থল রাইমা ও সর্মার মিলনস্থলেও আজ থেকে ঐতিহ্যবাহী পৌষ সংক্রান্তি মেলা শুরু হয়েছে। আজ সন্ধ্যায় মেলার উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। এই মেলা উপলক্ষ্যে আজ সকাল থেকেই তীর্থমুখে পুন্যার্থীর ঢল নেমেছে। হিন্দু ধর্মীয় শাস্ত্র মতে মকর সংক্রান্তি উপলক্ষ্যে গোমতি নদীর উৎস স্থলে পুণ্যস্নান, পূজা-অর্চনা ও পূর্বপুরুষের পিতৃতর্পণে অংশ নিচ্ছেন অসংখ্য মানুষ। গোমতী জেলার জেলা শাসক রিংকু লাথের জানান, দুইদিনব্যাপী এই মেলায় প্রশাসনের পক্ষ থেকে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা করা হয়েছে। জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সব অংশের জনগনের মিলনমেলায় পরিণত হয়েছে এই ঐতিহ্যবাহী মেলা।

কৈলাশহরে শৈবতীর্থ ঊনকোটিতেও আজ থেকে দু'দিনের ঐতিহ্যবাহী মকর সংক্রান্তি মেলা শুরু হয়েছে। আজ সন্ধ্যায় মেলার উদ্বোধন করেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায়। উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জিলা পরিষদের সদস্য বিমল কর প্রমুখ। আমাদের ঊনকোটি জেলার সংবাদদাতা অনুপম ভট্টাচার্য জানিয়েছেন, মকর সংক্রান্তি মেলা উপলক্ষ্যে আজ সারারাতব্যাপী ভজন-কীর্তন সহ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আগামীকাল ভোরে পুন্যার্থীরা ঊনকোটির পবিত্র সীতাকুণ্ডে পূণ্য অবগাহন করবেন। রাজ্য-বর্হিরাজ্য থেকে জাতি-জনজাতি প্রচুর পুন্যার্থী ঊনকোটিতে সমবেত হয়েছেন। শান্তি ও সুস্থিতি বজায় রাখতে ব্যাপক নিরাপত্তার ব্যবস্থা করেছে আরক্ষা প্রশাসন।

**************************

**Telangana-Governor :**

তেলেঙ্গানার রাজ্যপাল যীষ্ণু দেববর্মণ আজ আগরতলা প্রেসক্লাবে মহারানী তুলসীবতি ওয়েলফেয়ার ট্রাস্টের উদ্যোগে মকর সংক্রান্তি উৎসবের উদ্বোধন

করেন। তিনি এই উৎসবে তাৎপর্য বিস্তারিত ব্যাখ্যা করেন। উপস্থিত ছিলেন ক্রীড়ামন্ত্রী টিঙ্কু রায়, বিজেপি নেতা বিপিন দেববর্মা।

****************************

**Package Story–Poush Sankranti :**

পৌষ মানেই পিঠে-পুলির ঘ্রাণে ভরে ওঠা গ্রাম। ঢেকির তালে তালে চাল ভাঙার শব্দ জানান দেয় মকর সংক্রান্তির আগমন। সিপাহীজলা জেলার গ্রামীণ জনপদে তাই পিঠে-পুলির প্রস্তুতিতেই ব্যস্ত প্রতিটি ঘর। এনিয়ে একটি প্রতিবেদন।

########VC#######

************************

**Pithe Puli Festival :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ আজ আগরতলার লঙ্কামুড়ায় আল্পনা গ্রামে তিনদিনব্যাপী আলপনা ও পিঠে পুলি উৎসবের উদ্বোধন করেন। তথ্য ও সংস্কৃতি দপ্তর আয়োজিত এই উৎসবে তিনি বলেন, পিঠে-পুলি উৎসব শুধু লোকজ ঐতিহ্য নয়, এটি আমাদের কৃষিভিত্তিক সমাজ ও কৃষকদের পরিশ্রমের স্বীকৃতি। তিনি বলেন, কৃষকের ফলানো শস্য দিয়েই তৈরি হয় এই পিঠে-পুলি। তাই এই উৎসবের সঙ্গে কৃষক ও কৃষির সম্পর্ক অটুট। উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, জিলা সভাধিপতি বিশ্বজিত শীল, প্রাক্তন বিধায়ক ডাঃ দিলীপ দাস প্রমুখ। উল্লেখ্য এই উৎসবকে কেন্দ্র করে সংস্কার ভারতী ত্রিপুরার উদ্যোগে আল্পনা গ্রামের প্রতিটি বাড়িতে রঙিন আল্পনা আঁকা হয়েছে।

************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Amit Shah :**

স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ বলেছেন যে আগামী বছরের শেষ নাগাদ দেশ বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হবে। তিনি গান্ধীনগর জেলার মানসায় ২৬৭ কোটি টাকারও বেশি মূল্যের উন্নয়ন প্রকল্পের উদ্বোধনের পর এক জনসভায় ভাষণ দিচ্ছিলেন। তিনি বলেন, সরকার ২০৪৭ সালের মধ্যে ভারতকে প্রতিটি ক্ষেত্রে বিশ্বনেতা হিসেবে গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ। এই উপলক্ষে তিনি সোমনাথ মন্দিরকে দেশের পরিচয় এবং আত্মসম্মানের প্রতীক হিসেবে বর্ণনা করেন। তিনি আরও বলেন যে, সরকার এই মন্দিরের হাজার বছরের গৌরবময় ইতিহাস তুলে ধরতে এবং ভবিষ্যৎ প্রজন্মের কাছে আত্মসম্মানের এই উত্তরাধিকার তুলে ধরার জন্য সারা বছর ধরে সোমনাথ স্বাভিমান পর্ব উদযাপন করবে।

শ্রী শাহ বলেন, আহমেদাবাদ ক্রীড়ার একটি নতুন বৈশ্বিক কেন্দ্র হিসেবে আবির্ভূত হচ্ছে এবং ২০৩৬ সালের অলিম্পিক গেমস, শহরে আয়োজনের প্রচেষ্টা চলছে।

অন্য একটি অনুষ্ঠানে, শ্রী শাহ বলেন, ভারতের জৈবপ্রযুক্তির ক্ষেত্রে অভূতপূর্ব প্রবৃদ্ধি হয়েছে। গান্ধীনগরে গুজরাট জৈবপ্রযুক্তি গবেষণা কেন্দ্রের BSL-4 জৈব নিয়ন্ত্রণ সুবিধা উদ্বোধনের পর এক সমাবেশে শ্রী শাহ বলেন,

২০১৪ সালে দেশের জৈব অর্থনীতি ছিল ১০ বিলিয়ন মার্কিন ডলার যা ২০২৪ সালের শেষ নাগাদ বেড়ে ১৬৬ বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছেছে।

************************

**World Bank Team :**

বিশ্ব ব্যাংকের তিন সদস্যের একটি প্রতিনিধি দল আজ খোয়াই জেলার তুলাশিখর ব্লকের পূর্ব রাজনগর এডিসি গ্রামে ত্রিপুরা গ্রামীণ অর্থনৈতিক বৃদ্ধি ও পরিষেবা বিতরণ প্রকল্প সরেজমিনে পরিদর্শন করেন। প্রতিনিধি দলটি গ্রামীণ সুবিধাভোগীদের সঙ্গে সরাসরি কথা বলেন এবং তাদের সমস্যা সম্পর্কে অবহিত হন। এরপর প্রতিনিধি দল খোয়াই জেলার মুঙ্গিয়াকামী এবং পদ্মবিল ব্লকের বিভিন্ন এডিসি গ্রাম পরিদর্শন করেন। অতিরিক্ত জেলা শাসক অভেদানন্দ বৈদ্য আমাদের আকাশবাণীর প্রতিনিধি আশীষ চক্রবর্তীকে জানান, রাজ্যে গ্রামীণ অর্থনৈতিক বৃদ্ধি ও পরিষেবা বিতরণ প্রকল্প মূলত বিশ্বব্যাংক-অর্থায়িত একটি উদ্যোগ, যা জনজাতি কল্যাণ দপ্তরের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। এর লক্ষ্য হলো ২৩টি জনজাতি-অধ্যুষিত ব্লকে মানসম্মত শিক্ষা, সড়ক সংযোগ, সুস্থায়ী জীবিকা মৎস্যচাষ, কৃষি, উদ্যান পালন ইত্যাদি প্রকল্পগুলো বাস্তবায়িত করা।

**************************

**CM-Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন বিজেপি শুধুমাত্র একটি রাজনৈতিক দল নয়, এটি একটি আদর্শভিত্তিক সংগঠন, যেখানে প্রতিটি কার্যকর্তার ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আজ আগরতলার আড়ালিয়া কমিউনিটি হলে বিজেপির প্রতাপগড় মন্ডল আয়োজিত সাংগঠনিক বৈঠকে তিনি একথা বলেন। আগামীদিনে দলের রাজনৈতিক কর্মসূচি নির্ধারণের লক্ষ্যেই এই বৈঠকের আয়োজন করা হয়। মুখ্যমন্ত্রী সংগঠনের শৃঙ্খলা, ঐক্য এবং জনসংযোগ আরও জোরদার করার উপর বিশেষ গুরুত্ব দেন। তিনি সরকারের উন্নয়নমূলক কাজ এবং জনকল্যাণমূলক প্রকল্পগুলি সাধারণ মানুষের কাছে আরও কার্যকরভাবে তুলে ধরার নির্দেশ দেন, পাশাপাশি

তিনি সমস্ত কার্যকর্তাকে জনগনের সমস্যার প্রতি সংবেদনশীল থাকার আহ্বান জানান। উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত প্রমুখ।

**************************

**Minister Kishore Barman-Sonamura :**

উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মন পড়াশুনার পাশাপাশি সমাজ সেবার মানসিকতায় উদ্বুদ্ধ হবার জন্যে ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানিয়েছেন। আজ সোনামুড়ার কবি নজরুল মহাবিদ্যালয়ের নবীন বরণ অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি এই আহ্বান জানান। তিনি বলেন, কলেজ মানে শুধু ডিগ্রি অর্জন, শুধুই পরীক্ষা নয়। কলেজ মানে ডিগ্রি অর্জনের পাশাপাশি বহুমুখী দক্ষতার শিক্ষা অর্জনের কেন্দ্র। বক্তব্য রাখেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী, ভাইস-চেয়ারপার্সন শাহজাহান মিয়া প্রমুখ।

***************************

**G Ram G-Khowai :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, ভিবি জি-রাম-জি গ্রামীণ জনগণের কর্মসংস্থান ও জীবিকার জন্য সর্বকালীন সর্বশ্রেষ্ঠ পদক্ষেপ। আজ বিজেপির খোয়াই জেলা কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। তিনি বলেন, এই প্রকল্পে শ্রম দিবসের পাশাপাশি মজুরীও বাড়বে। উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায়।

**************************

**Blood Donation :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ আগরতলার জিবি বাজার ব্যবসায়ী সমিতির উদ্যোগে আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন বিধায়ক দীপক মজুমদার। শিবিরে ৪০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

********************************

**Road Safety Month :**

জাতীয় নিরাপত্তা মাস উপলক্ষে উত্তর ত্রিপুরা জেলায় সড়ক নিরাপত্তার উপর জোর দেওয়া হয়েছে এবং যানবাহনের দুর্ঘটনা কমানোর লক্ষ্যে একাধিক কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। জেলাশাসক চাঁদনী চন্দ্রন আজ ধর্মনগরে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান।

এদিকে, জেলা পুলিশ সুপার অভিনাশ রাই জানান, আগামী ১৫ই জানুয়ারী থেকে উত্তর ত্রিপুরা জেলায় "নো হেলমেট নো পেট্রোল" নীতি কার্যকর হবে। নাবালকদের যানবাহন চালানোর ক্ষেত্রে আইন আরও কঠোরভাবে প্রয়োগ করা হবে। এই ক্ষেত্রে সংশ্লিষ্ট অভিভাবকের তিন বছরের কারাদন্ড হতে পারে, যানবাহনের লাইসেন্স ১২ মাসের জন্য বাতিল করা হবে এবং নাবালককে ২৫ বছর বয়স পর্যন্ত কোনও ধরনের যানবাহন চালানোর লাইসেন্স প্রদান করা হবে না বলে পুলিশ সুপার জানিয়েছেন।

****************************

**Reception for cricketers :**

বিসিসিআই আয়োজিত অনূর্ধ্ব ১৫ বছরের প্লেট গ্রুপে মেয়েদের জাতীয় ক্রিকেটে চ্যাম্পিয়ন ত্রিপুরা দলকে সংবর্ধনা দিলো রাজ্য ক্রিকেট এসোসিয়েশন। আজ এমবিবি স্টেডিয়ামের ক্লাব হাউসে হয় সংবর্ধনা অনুষ্ঠান। উপস্থিত ছিলেন টিসিএ সহ-সভাপতি উপানন্দ দেববর্মা, কোষাধ্যক্ষ বাসুদেব চক্রবর্তী প্রমুখ। প্লেট গ্রুপে চ্যাম্পিয়ন হওয়ার সুবাদে আগামী মরশুমে ত্রিপুরা দল এলিট গ্রুপে খেলবে।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *